উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কালিয়াকৈর, গাজীপুর
www.dss.kaliakair.gazipur.gov.bd

মুজিব শতবর্ষ 100

স্মারক নম্বর: ৪১.০১.৩৩৩২.০০০.১৬.০০৮.২২. ১০১

তারিখঃ ২৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি:
১৫ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ

**বিষয়: বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন-২০২২ এর প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর কর্তৃক নিজস্ব উদ্যোগে সেবা গ্রহিতাদের পরিতৃপ্তি নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ ও পৌরসভার সহযোগিতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন-২০২২ সম্পন্ন করা হয়েছে। লাইভ ভেরিফিকেশন-২০২২ এর বিস্তারিত প্রতিবেদন মহোদয় বরাবর এতদসঙ্গে যুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি: লাইভ ভেরিফিকেশন প্রতিবেদন-২০২২: ০৬ (ছয়)ফর্দ।

২৮/০২/২৩

মিজানুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
কালিয়াকৈর, গাজীপুর
ফোন: + ০২৯৯৬৬১৩৫০২
E-mail: usso.kaliakoir@dss.gov.bd

**উপপরিচালক**
জেলা সমাজসেবা কার্যালয়
গাজীপুর।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রদান করা হলো।
(১) জনাব আ. ক.ম. মোজাম্মেল হক, মাননীয় সংসদ সদস্য (১৯৪),গাজীপুর-১ ও মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয় ও প্রধান উপদেষ্টা, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর ।
(২) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
(৩)পরিচালক (সমাজিক নিরাপত্তা/ কার্যক্রম/ প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
(৪)পরিচালক,বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।
(৫) জেলা প্রশাসক, গাজীপুর।
(৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
(৭) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর ।
(৮) অফিস কপি।

REDMI NOTE 5 PRO
MI DUAL CAMERA

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কালিয়াকৈর, গাজীপুর
www.dss.kaliakair.gazipur.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৩৩৩২.০০০.১৬.০০৮.২২. ১০০

তারিখঃ ২৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি:
১৫ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ

# লাইভ ভেরিফিকেশন প্রতিবেদন-২০২২

উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর কর্তৃক বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন-২০২২ সম্পন্ন করা হয়েছে।

## (১) লাইভ ভেরিফিকেশন কী?

লাইভ (Live) ভেরিফিকেশন হচ্ছে সরাসরি যাচাইকরণ অর্থাৎ ভাতাভোগীদের ওয়ার্ড ভিত্তিক নির্দিষ্ট স্থান ও তারিখে উপস্থিত করানোর মাধ্যমে সরাসরি যাচাইকরণ এবং বিভিন্ন কারনে অনুপস্থিত ভাতাভোগীর বাড়ী বাড়ী গিয়ে ভাতাপ্রাপ্তির উপর্যুক্ততা যাচাইকরন।





চিত্র: লাইভ ভেরিফিকেশন

## (২) লাইফ(life) ভেরিফিকেশন না বলে কেন লাইভ(Live) ভেরিফিকেশন বলা হলো?

হিসাবরক্ষন অফিস সফটওয়্যারের মাধ্যমে পেনশনভোগীরা জীবিত আছেন কিনা তা জেনে ব্যবস্থা গ্রহণ করেন। তাদের সকল উপকারভোগী শিক্ষিত ও সচেতন। অন্যদিকে সমাজসেবা কার্যালয়ের উপকারভোগীদের অধিকাংশ শিক্ষিত নয়, সচেতন নয়, প্রযুক্তিতে দক্ষ নয় এবং ১২ ধরনের প্রতিবন্ধীও রয়েছেন। এমআইএস সফটওয়্যারের মাধ্যমে মোবাইলে ভাতা প্রদান কার্যক্রমের সময় আমরা লক্ষ করেছি আমাদের অনেক উপকারভোগীদের একটি বিষয় বার বার বুঝিয়ে দেওয়ার পরও ভুল করছেন। মৃত্যু ছাড়াও ভাতাভোগীর নিরুদ্দেশ/অভিবাসন, সধবা হওয়া, প্রতিবন্ধী ব্যক্তির সুস্থ হওয়াসহ অন্যান্য কারনে ভাতাভোগী প্রতিস্থাপনের প্রয়োজনীয়তা রয়েছে। উপকারভোগীদের কথা বিবেচনা করে লাইফ(life) ভেরিফিকেশন না বলে আমরা প্রক্রিয়াটিকে লাইভ(Live) ভেরিফিকেশন বলছি।

REDMI NOTE 5 PRO
MI DUAL CAMERA



CamScanner

## (৩) লাইভ ভেরিফিকেশনের যৌক্তিকতা:




চিত্র: লাইভ ভেরিফিকেশন

নিম্নোক্ত কারনগুলো বিবেচনায় ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন প্রয়োজন।

১) মৃত ভাতাভোগীদের ওয়ারিশগন কর্তৃক ভাতাভোগীর মৃত্যুর তথ্য গোপন করার কারণে অপেক্ষমান যোগ্য ব্যক্তিকে ভাতার আওতায় আনা সম্ভব হয়না।

২) নিরুদ্দেশ ভাতাভোগীদের খুজেঁ না পাওয়া।

৩) সূবর্ণ নাগরিক পরিচয়পত্রবিহীন প্রতিবন্ধী ভাতাভোগীদের সনাক্ত করে যোগ্য ব্যক্তিদের জরিপের আওতায় আনা এবং অযোগ্য ব্যক্তিদের ভাতা বাতিল করার ব্যবস্থা গ্রহণ।

৪) ভাতাভোগীরা নিকট আত্নীয় বা অন্য কারো মোবাইল নাম্বারে টাকা প্রাপ্তিতে কি কি সমস্যার সম্মুখীন হচ্ছেন তা জেনে সমাধানের চেষ্টা ও উর্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরন।

৫) মোবাইল ব্যাংক হিসাব নম্বরের সঠিকতা যাচাই এবং প্রয়োজনে হিসাব নম্বর পরিবর্তনের জন্য আবেদন গ্রহণ।

৬) মৃত্য সনদ প্রাপ্তি সাপেক্ষে মৃত প্রতিবন্ধীর তথ্য ডি আই এস সফটওয়্যারে হালনাগাদ করা।

৭) অপ্রতিবন্ধীতা সনাক্ত করা।

৮) ভাতা পেতে গিয়ে ভাতাভোগীরা কি কি টেকনিক্যাল সমস্যার সম্মুখীন হচ্ছেন চিহ্নিত করে টেকনিক্যাল টিমকে জানানো।

৯) সধবা সনাক্ত করা এবং যোগ্য, অপেক্ষমান ভাতাপ্রত্যাশীকে ভাতার আওতায় নিয়ে আসা।


১০) সঠিকভাবে সঠিক লোকের নিকট ভাতা পৌঁছে দেওয়া নিশ্চিত করার সর্বোচ্চ প্রচেষ্টা নিশ্চিত করা।

## (৪)লাইভ ভেরিফিকেশনের প্রক্রিয়া:

১) উপজেলা বয়স্ক/বিধবা/প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন কমিটির অনুমোদন গ্রহন করে এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সাথে কথা বলে ওয়ার্ড ভিত্তিক ভাতাভোগীদের সুবিধাজনক ও নিকটবর্তী স্থানে সশরীরে উপস্থিত করানোর জন্য মেয়র/ চেয়ারম্যান বরাবর চিঠি প্রদান। চিঠির নমুনা নিম্নরূপ।

REDMI NOTE 5 PRO
MI DUAL CAMERA

CamScanner



২) জনপ্রতিনিধিদের মাধ্যমে ওয়ার্ড ভিত্তিক প্রচারণা (মাইকিং) চালানো ও ভাতাভোগীদের উপস্থিতি নিশ্চিত করা। মহল্লার প্রতিটি মসজিদের ইমামের মাধ্যমে তথ্য প্রচার।

৩) উপস্থিত হওয়া ভাতাভোগীদের সাথে কথা বলে ভাতা সঠিকভাবে পাচ্ছেন কিনা তা জানতে চাওয়া। তারা টাকা উত্তোলনের ক্ষেত্রে কি কি সমস্যার সম্মুখীন হচ্ছেন তা জানতে চাওয়া। নিকট আত্মীয়দের দ্বারা প্রতারিত হচ্ছেন কিনা তা জিজ্ঞেস করা। প্রয়োজনে নগদ নাম্বার সংশোধনের আবেদন করিয়ে রাখা।



চিত্র: ভাতাভোগীদের সাথে সমস্যা নিয়ে আলোচনা



চিত্র: নাম্বার পরিবর্তনের আবেদন গ্রহন

৪) প্রতিবন্ধী ভাতাভোগীদের সুবর্ণ নাগরিক পরিচয় পত্র আছে কি না তা পুনরায় যাচাই করা। যোগ্য ব্যক্তিদের সুবর্ণ নাগরিক পরিচয় পত্র প্রদানের জন্য জরিপ সম্পন্ন করা এবং অযোগ্য হলে প্রতিস্থাপনের উদ্যোগ নেওয়া।

৫) বিভিন্ন ... ক্যাটাগরীর প্রতিবন্ধী ও বিধবা কর্তৃক অন্যত্র বিয়ে সহ অন্যান্য কারনে ১ম ও ২য় ... ভাতাভোগীদেরকে পরবর্তীতে জনপ্রতিনিধিদের সহযোগিতায় ইউনিয়ন সমাজকর্মী

REDMI NOTE 5 PRO
MI DUAL CAMERA

CamScanner

কর্তৃক ভাতাভোগীদের বাড়িতে বাড়িতে গিয়ে সরেজমিনে অনুসন্ধান করে করে অসুস্থ, মৃত ও নিরুদ্দেশ ভাতাভোগীদের সনাক্ত করেছেন এবং ইউনিয়ন কমিটি এবং উপজেলা সমাজসেবা অফিসারের নিকট প্রতিবেদন দাখিল করেছেন।

৬) পরবর্তী পে-রোলে প্রদানের পূর্বে মৃত, নিরুদ্দেশ ও অযোগ্য ভাতাভোগীদের প্রতিস্থাপন নিশ্চিত করা।

৭) প্রতিবন্ধী ভাতাভোগীদের সংগৃহীত তথ্য ও মৃত্যুর সনদ প্রাপ্তি সাপেক্ষে DIS সার্ভারে মৃত্যুজনিত হালনাগাদ নিশ্চিত করা।

## (৫)বাস্তবায়নের সময়:

লাইভ ভেরিফিকেশনে মোট সময় লাগে ০৪(চার) মাস এবং তিন ধাপে ভেরিফিকেশন সম্পন্ন হয়।

| ক্র. নং | ধাপ | মাসের নাম | ভাতাভোগীদের উপস্থিতির হার (%) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ১ম ধাপ | ২৫ জুলাই-আগস্ট ২০২২ | ৮০% | ওয়ার্ডভিত্তিক |
| ০২ | ২য় ধাপ | সেপ্টেম্বর-২০২২ | ১২% | ওয়ার্ডভিত্তিক |
| ০৩ | ৩য় ধাপ | অক্টোবর-১৫ নভেম্বর ২০২২ | ৮% | বাড়ী বাড়ী তদন্ত/ যাচাইকরন। |

নোট: অনুপস্থিত ভাতাভোগীদের বাড়ী বাড়ী গিয়ে তথ্য সংগ্রহ করতে সবচেয়ে বেশি সময় লেগেছে।

## (৬)ভেরিফিকেশন মনিটরিং ও মুল্যায়ন:

লাইভ ভেরিফিকেশন কার্যক্রম মুল্যায়ন ও মনিটরিং করার জন্য নিম্নোক্ত ছক ব্যবহার করা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমাজসেবা কার্যালয়

কালিয়াকৈর, গাজীপুর

**লাইভ ভেরিফিকেশন প্রতিবেদন ছক**

REDMI NOTE 5 PRO
MI DUAL CAMERA

CamScanner

| [illegible] | বয়স্ক ভাতা | | | | | | বিধবা ভাতা | | | | | | | প্রতিবন্ধী ভাতা | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট ভাতাভোগী | উপস্থিত | বিভিন্ন কারণে অনুপস্থিত (স্বাস্থ্যগত/যাতায়াতহীন) | মৃত সনাক্ত | নিরুদ্দেশ/অভিবাসন সনাক্ত | নম্বর পরিবর্তনের আবেদন | মোট ভাতাভোগী | উপস্থিত | বিভিন্ন কারণে অনুপস্থিত (চলনহীন) | মৃত সনাক্ত | নিরুদ্দেশ/অভিবাসন সনাক্ত | সধবা সনাক্ত | নম্বর পরিবর্তনের আবেদন | মোট ভাতাভোগী | উপস্থিত | বিভিন্ন কারণে অনুপস্থিত (চলনহীন) | মৃত সনাক্ত | নিরুদ্দেশ/অভিবাসন সনাক্ত | অপ্রতিবন্ধী সনাক্ত | সুবর্ণনাগরিক কার্ডবিহীন | নম্বর পরিবর্তনের আবেদন |
| ফুলবাড়ীয়া | ১৫৮৫ | ১৫২০ | ০০ | ৬৫ | - | ৪১ | ২৫০ | ২৪৫ | ০০ | ৫ | - | ১ | ১ | ৫৪৩ | ৫২৫ | ০০ | ১৪ | ২ | ২ | ৬৮ | ৫ |
| চাপাইর | ১১৮৫ | ১১২৯ | ০০ | ৫৬ | - | ২০ | ২৪৭ | ২৪১ | ০০ | ৬ | - | - | ৫ | ৪৮২ | ৪৬৮ | ০০ | ১৪ | - | - | ৩২ | ৪ |
| বোয়ালী | ১০৪৩ | ৯৮৬ | ০০ | ৫৭ | - | - | ২৪৭ | ২৩৯ | ০০ | ৭ | - | | - | ৩৬৭ | ৩৫৮ | ০০ | ৯ | - | - | - | - |
| মধ্যপাড়া | ১১৯৬ | ১১২২ | ০০ | ৭৪ | - | - | ২৪৭ | ২৩ ৮ | ০০ | ৯ | - | - | - | ৪১৭ | ৪০৯ | ০০ | ৮ | - | - | ৭১ | - |
| মৌচাক | ১৫২৭ | ১৪৬৪ | ০০ | ৫৬ | ৭ | ১০ | ২৫৮ | ২৪৮ | ০০ | ১০ | - | - | ২ | ৬৩৬ | ৬২২ | ০০ | ১৪ | - | - | ১১৪ | ২ |
| শ্রীফলতলী | ৯২২ | ৮৯১ | ০০ | ৩১ | - | - | ২৪৮ | ২৪৬ | ০০ | ২ | - | - | - | ৩৬৪ | ৩৫৩ | ০০ | ১১ | - | - | ২৮ | - |
| আটাবহ | ১১০৩ | ১০৫৭ | ০০ | ৪৪ | ২ | ২ | ২৪৭ | ২৩৯ | ০০ | ৪ | - | ৪ | - | ২৯৪ | ২৮৪ | ০০ | ৯ | - | ১ | - | - |
| সূত্রাপুর | ৯২৬ | ৯১২ | ০০ | ১৩ | ১ | ৭ | ২৪৭ | ২৪৬ | ০০ | ১ | - | - | - | ৩১৮ | ৩১৫ | ০০ | ৩ | - | - | ৯৪ | ১ |
| ঢালজোড়া | ১০২৬ | ১০১৫ | ০০ | ১১ | - | - | ২৪৭ | ২৪৬ | ০০ | ১ | - | - | - | ৩৪৫ | ৩৪৩ | ০০ | ২ | - | - | - | - |
| কালিয়াকৈর পৌরসভা | ১৪৩৪ | ১৩১৮ | ০০ | ৮৫ | ৩১ | ১২ | ৩৫ ২ | ৩৩ ১ | ০০ | ৯ | ১২ | - | ২ | ৪৬৯ | ৪৪৮ | ০০ | ৬ | ১৫ | - | ৪২ | ৫ |
| মোট | ১১৯৪৭ | ১১,৪১ ৪ | ০০ | ৪৯২ | ৪১ | ৯২ | ২৫৯ ০ | ২৫১ ৯ | ০০ | ৫৪ | ১২ | ০ ৫ | ১০ | ৪২৩৫ | ৪১২৫ | ০০ | ৯০ | ১৭ | ০৩ | ৪৪৯ | ১৩ |

## (৭) ভেরিফিকেশনের ফলাফল:

(১) মোট ১৮৭৭২ জন উপকারভোগীর মধ্যে ১ম ও ২য় ধাপে অনুপস্থিত হওয়া ৭১২ জন ভাতাভোগীর বাড়িতে বাড়িতে গিয়ে তদন্ত করেছে ইউনিয়ন সমাজকর্মীরা। সমাজকর্মীদের তদন্ত রিপোর্টে নিম্নোক্ত তথ্য উঠে এসেছে।

| | | | |
|---|---|---|---|
| মোট ভাতাভোগী=১৮৭৭২ জন | উপস্থিত-১৮০৫৮ জন | মৃত সনাক্ত-=৬৩৬ জন | মোবাইল নম্বর পরিবর্তনের আবেদন-=১১৪ জন। |
| নিরুদ্দেশ /অভিবাসন সনাক্ত-=৭০ জন | সধবা সনাক্ত-০৫ জন | অপ্রতিবন্ধী সনাক্ত-=৩ জন | সুবর্ণ নাগরিক কার্ডবিহীন-৪৪৯ জন |

(২) মৃত, নিরুদ্দেশ, অপ্রতিবন্ধী, সধবা ইত্যাদি কারনে ৭১৪ জন উপকারভোগীকে প্রতিস্থাপন করা হয়েছে।

(৩) মোবাইল নম্বর পরিবর্তনের আবেদনকারী ১১৪ জনের নাম্বার পরিবর্তন করে পে-রোল প্রদান করা হয়েছে।

(৪) ১৬২ জন মৃত প্রতিবন্ধী ব্যক্তির মৃত্যু সনদ দিয়ে DIS এ মৃত্যুজনিত তথ্য হালনাগাদ করা হয়েছে।

(৫) উপকারভোগীদের একটি আপটেড ও নির্ভুল তালিকা নিশ্চিত করা হয়েছে। এই কাজের জন্য সন্তুষ্ট হয়ে মাননীয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী জনাব আ.ক.ম মোজাম্মেল হক এমপি মহোদয় সমাজসেবা কার্যালয়কে মাসিক সমন্বয় সভায় ধন্যবাদ জানিয়েছেন।

## (৮)ভেরিফিকেশনের চ্যালেঞ্জসমূহ:

১. সকল ধরনের ভাতাভোগীর উপস্থিতি নিশ্চিত করা।

২. অনুপস্থিত ভাতাভোগীদের খুঁজে বের করা বিশেষ করে পৌর এলাকায়।

৩.সকল ক্ষেত্রে জনপ্রতিনিধিদের কার্যকর সহযোগীতা না পাওয়া।

৪. জনবল সংকট।

৫. অর্থ বরাদ্দ না থাকায় এবং টি এ/ডি এ বরাদ্দের অপ্রুলতার কারনে ভেরিফিকেশন কার্য সম্পাদনে যথেষ্ঠ বেগ পেতে হয়েছে।

REDMI NOTE 5 PRO
MI DUAL CAMERA

৬. [illegible] টিএ/ডিএ থেকে অনেক বেশি খরচ হয়েছে অনুপস্থিত ভাতাভোগীদের তদন্ত কাজে।

CamScanner

## (৯)সুপারিশ সমুহ:

১। সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতাভুক্ত ভাতাভোগীদেরকে ইউনিটভিত্তিক প্রত্যেক বছরে অন্তত একবার লাইভ ভেরিফিকেশনের আওতায় নিয়ে আসা যেতে পারে।

২। লাইভ ভেরিফিকেশন কার্য সম্পাদনের জন্য আলাদা বরাদ্দ দিতে হবে। প্রতিটি ইউনিয়নের জন্য এ খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) বরাদ্দ প্রদান করা যেতে পারে।

৩। লাইভ ভেরিফিকেশন করা একটি চ্যালেন্জিং কাজ এবং পর্যাপ্ত জনবলের প্রয়োজন; সে কারনে দ্রুত সকল কার্যালয়ে জনবল নিয়োগ প্রদান করতে হবে।

৪। মাঠ পর্যায়ের দপ্তরসমুহে লজিস্টিক সার্পোট যেমন ইউনিয়ন সমাজকর্মীদের সহজে যাতায়াতের জন্য মোটর সাইকেল প্রদান করা যেতে পারে।

৫। জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্তৃপক্ষ এবং নির্বাচন কমিশনের সাথে এমওইউ করে মৃত্যুর ১ সপ্তাহের মধ্যে মৃত্যু নিবন্ধন বাধ্যমূলক করা এবং উপকারভোগীর মৃত্যু নিবন্ধনের এসএমএস অটোমেটিকভাবে এমআইএস সিস্টেমে আসার ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।

৬। অতি দ্রুত নগদ কোম্পানির সাথে এমওইউ করে ভাতা প্রাপ্তির এসএমএস ভাতাভোগীর মোবাইলে পাঠানোর ব্যবস্থা করতে হবে; কেননা এসএমএস না পেয়ে ভাতাভোগী বিভিন্ন জনের কাছে একাউন্ট চেক করাতে যায় এবং পিন কোড শেয়ার করে প্রতারনার স্বীকার হচ্ছে। পাশাপাশি উপকারভোগীরা দুর দুরান্ত থেকে অফিসে এসে ভিড় জমাচ্ছে।

৭। ডিজিটাল প্রতারনা বন্দ ও পিন কোডের বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষে প্রতিটি ইউনিয়নে ভাতাভোগীদের নিয়ে সচেতনতামূলক সেমিনার/ওয়ার্কশপ/আলোচনা সভা করা যেতে পারে।

### ধন্যবাদ ও কৃতজ্ঞতা :

মাননীয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী জনাব আ.ক.ম মোজাম্মেল হক এমপি , উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ কামাল উদ্দিন , উপপরিচালক স্যার জনাব এস.এম. আনোয়ারুল করিম , উপজেলা নির্বাহী অফিসার জনাব তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ , সহকারী সমাজসেবা কর্মকর্তা জনাব মো. গোলাম সারোয়ার , কালিয়াকৈর পৌরসভার মেয়র ও কাউন্সিলরবৃন্দ, সকল ইউপি চেয়ারম্যানবৃন্ধ, সকল ইউপি সদস্যবৃন্ধ, স্থানীয় নেতৃবৃন্ধ, ফিল্ড সুপারভাইজার, অফিস সহকারী, সকল ইউনিয়ন সমাজকর্মী, কারিগরী প্রশিক্ষক, অফিস সহায়কসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

২৮/০২/২৫

মিজানুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
কালিয়াকৈর, গাজীপুর

REDMI NOTE 5 PRO
MI DUAL CAMERA

CamScanner